

Interactive session of Resident Commissioners and Nodal Officers of North-East States with DrRajkumarRanjan Singh, Minister of State for External Affairs

September 10, 2021

পররাষ্ট্র প্রতিমন্ত্রী ডঃ রাজকুমার রঞ্জন সিংহের সাথে উত্তর-পূর্ব রাজ্যগুলির আবাসিক কমিশনার এবং নোডাল অফিসারদের ইন্টারঅ্যাক্টিভ সেশন

সেপ্টেম্বর 10, 2021

পররাষ্ট্র মন্ত্রকের রাজ্য বিভাগ দ্বারা মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী ডঃ রাজকুমার রঞ্জন সিংহের সাথে উত্তর-পূর্ব রাজ্যগুলির আবাসিক কমিশনার এবং নোডাল অফিসারদের একটি ইন্টারঅ্যাক্টিভ সেশন আজ 10ই সেপ্টেম্বর জওহরলাল নেহেরু ভবনে অনুষ্ঠিত হয়েছে। পররাষ্ট্র মন্ত্রক কিভাবে উত্তর-পূর্ব অঞ্চলের রাজ্যগুলিকে তাদের আন্তর্জাতিক সম্পর্ককে সুবিধা প্রদান করতে পারবে সেই বিষয়টি প্রাথমিক ভাবে বোঝার জন্য এই ধরনের বৈঠক এই প্রথম অনুষ্ঠিত হল। 6ই অগস্ট 2021 তারিখে জাতীর উদ্দেশ্যে ভাষণে উল্লেখ করা মাননীয় প্রধানমন্ত্রীর দৃষ্টিভঙ্গী অনুধাবনের প্রসঙ্গানুসারে এটি বিশেষ গুরুত্বপূর্ণ। এই বৈঠকে অরুণাচল প্রদেশ, অসম, মনিপুর, মেঘালয়, মিজোরাম, ত্রিপুরা এবং সিকিম, এই আটটি উত্তর-পূর্ব রাজ্যের আবাসিক কমিশনার এবং নোডাল অফিসাররা যোগদান করেছেন।

শ্রীযুক্ত সি রাজশেখর, ওএসডি(রাজ্য) তার স্বাগত ভাষণে উল্লেখ করেছেন যে যেহেতু উত্তর-পূর্ব অঞ্চলটি জাতির নিরাপত্তা এবং সমৃদ্ধির একটি মুখ্য অংশ জুড়ে রয়েছে তাই এই অঞ্চল পররাষ্ট্র মন্ত্রকের লক্ষ্যের কেন্দ্রবিন্দুতে রয়েছে। তিনি রাজ্যগুলিকে নিজ নিজ রাজ্যে রপ্তানি বাড়াতে কর্মপরিকল্পনা তৈরির জন্য প্রধানমন্ত্রীর পরামর্শের কথা স্মরণ করেছেন।

প্রতিমন্ত্রী মাননীয় ডঃ রাজকুমার রঞ্জন সিংহ তার বিষয়গত ভাষণে উত্তর-পূর্ব ভারতের রাজ্যগুলিকে রপ্তানিতে উৎসাহ প্রদানে এবং বিদেশী বিনিয়োগ আকর্ষণের জন্য বিশ্বব্যাপী শুভেচ্ছার সদব্যবহার করার জন্য সক্রিয় হতে আহ্বান জানিয়েছেন যাতে প্রতি বছরে 400 বিলিয়ন ডলারের লক্ষ্যমাত্রা অর্জন করা যায়।

সচিব (পূর্বাঞ্চল) শ্রী দাম্মু রবি ফলদায়ক বক্তৃতাগুলির প্রধান প্রধান অংশগুলিকে পর্যালোচনা করেন এবং বৈঠককে পরবর্তী ধাপে পরিচালনা করার জন্য এগিয়ে নিয়ে যান। এগুলির মধ্যে রয়েছে এই বছরের শেষের দিকে ইক্ষল, মনিপুরে প্রথমবারের জন্য উত্তর-পূর্ব রাউন্ড টেবিল বৈঠকের আয়োজন করা। ভারত সরকার

এবং পররাষ্ট্র মন্ত্রকের বরিষ্ঠ আধিকারিকরাও তাদের অন্তর্দৃষ্টিপূর্ণ অবদানের মাধ্যমে এই অধিবেশনকে সমৃদ্ধ করেছেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে রাজ্য বিভাগগুলিকে বিশেষভাবে তৈরি করা হয়েছে যাতে সমস্ত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের আন্তর্জাতিক প্রচার প্রচেষ্টাকে সহজতর করা যায়।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 10, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.